# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের বোর্ড বৃত্তির আবেদন সংক্রান্ত অতি জরুরী বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের নাম বোর্ড বৃত্তির (এইচ এস সি/আলিম-২০২৪) তালিকায় আছে তারা স্ব স্ব কলেজ থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে প্রত্যয়ন পত্রের কপি, সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীর নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নাম চিহ্নিত করে), শিক্ষার্থীর নিজ নামের ব্যাংক একাউন্টের চেক (MICR) পাতার ছবি/ব্যাংক স্টেইটমেন্টের ছবি এবং এইচএসসি/আলিম পরীক্ষার মার্কশিটের কপি বোর্ড বৃত্তির অনলাইন আবেদনের সাথে আপলোড করে দিতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্রাপ্ত (এইচ এস সি/ আলিম-২০২৪) শিক্ষার্থীরা **আগামী ০৭/০৯/২০২৫ তারিখ (সকাল-১০:০০ টা) থেকে ২০/০৯/২০২৫ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে **(https://studentscholarship.du.ac.bd/)** গিয়ে অনলাইনে বোর্ড বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে। বৃত্তির আবেদনের তথ্য যথাযথভাবে পূরণ করার পর অবশ্যই **Submit to Scholarship বাটনে ক্লিক করে আবেদন নিশ্চিত করতে হবে। অন্যথায় বৃত্তির আবেদন বিবেচনা করা হবে না।**

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট নম্বর থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক একাউন্ট ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/ উত্তোলন করা সম্ভব নয়। **উক্ত তারিখের মধ্যে বৃত্তির তথ্য নির্ভুলভাবে পূরণ না হলে শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন দায়ভার গ্রহন করবে না। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে বৃত্তির প্রয়োজনীয় তথ্যসমূহ সতর্কতার সাথে অনলাইনে পূরণ করার জন্য নির্দেশনা দেয়া হলো।**

**শিক্ষার্থীদের বৃত্তির আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :**

১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে অবশ্যই শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে;
২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে;
৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ (হাইফেন/ডট ইত্যাদি চিহ্ন ব্যতীত) ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
৪। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত GPA সঠিকভাবে পূরণ করতে হবে;
৫। বৃত্তির ক্যাটাগরি (মেধা/ সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
৬। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
৭। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
৮। ব্যাংক হিসাবটি অবশ্যই বর্তমানে সচল (Active) থাকতে হবে। উল্লেখ্য, বৃত্তির টাকা প্রাপ্তির জন্য শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বরটি সবসময়ের জন্য সচল (Active) রাখতে হবে অন্যথায় বৃত্তির টাকা Bounched Back হওয়ার সম্ভাবনা রয়েছে।

**বোর্ড বৃত্তির আবেদনের ক্ষেত্রে Sign up করার সময় প্রত্যেক শিক্ষার্থী তাদের স্ব স্ব বিভাগ/ ইনস্টিটিউট থেকে প্রাপ্ত ই-মেইল ঠিকানা অবশ্যই ব্যবহার করতে হবে। অন্যথায় বৃত্তির আবেদন করতে পারবে না।**

**অনলাইনে বৃত্তির আবেদন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- 01581-846500**

**বিঃ দ্রঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা বোর্ড বৃত্তি পেয়েছেন কেবল তারাই অনলাইনে আবেদন করবেন। তাছাড়া অন্যান্য শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা বৃত্তির টাকা পায়নি তাদের তথ্য সংশোধন/ আপডেট-এর জন্য পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/ ৯৮০০০-৯৯

তারিখ: ১৮/০৫/১৪৩২
০২/০৯/২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:**

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।